

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
nachol.chapainawabganj.gov.bd

উপজেলা ইনোভেশন টিমের নতুন মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	: খাদিজা বেগম, উপজেলা নির্বাহী অফিসার (ভার.), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
সভার তারিখ	: ৩০.১১.২০২০ খ্রি।
সভার সময়	: বিকাল ০৮.০০টা।
সভার স্থান	: উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
উপস্থিতি	: পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে উপজেলা ইনোভেশন টিম প্রতিমাসে সভা করে নতুন নতুন উদ্যোগ গ্রহণ এবং গ্রহণকৃত উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা করে জেলা ইনোভেশন কমিটির নিকট প্রেরণ করতে হবে। নতুন নতুন উদ্যোগ গ্রহণ এবং তা বাস্তবায়নের জন্য উপজেলা ইনোভেশন টিমকে সমর্পিত কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের ইনোভেশন কর্মপরিকল্পনা তাদের নিজ নিজ ওয়েবসাইটে প্রতি মাসের ১০তারিখের মধ্যে আপলোড করতে হবে। সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

১) উপজেলা পর্যায়ে আগামী ২০.০৫.২০২১ তারিখ ওয়ার্কসপ আয়োজন করা হবে। এই ওয়ার্কসপে কোন কোন কর্মকাণ্ড ইনোভেশনের আওতায় আসবে তা চিহ্নিত করণ এবং নতুন নতুন সমস্যা চিহ্নিত করে উক্ত সমস্যা সমাধানের নতুন কর্মপরিকল্পনা প্রণয়নের মাধ্যমে উপজেলার ইনোভেশন কর্মকাণ্ডকে আরও গতিশীল করে তোলা।

২। এ উপজেলার ইনোভেশন কর্মকাণ্ডকে উৎসাহিত এবং সুপারভাইজ করার জন্য ইনোভেশন টিমের সদস্যদের সকল দপ্তরের সাথে যোগাযোগ রক্ষা করা।


৩। উপজেলা পর্যায়ে বছরে অন্তত একটি করে ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।

৪। প্রতিটি ইনোভেশন সভায় গৃহীত সমূহ বাস্তবায়নে এবং উপজেলার প্রতিটি দপ্তর নতুন নতুন ইনোভেশন গ্রহণে সর্বদা তৎপর থাকতে হবে।

৫। কোন দপ্তরের ইনোভেশন সংক্রান্ত কোন বরাদ্দ থাকলে ঐ দপ্তর ইনোভেশন বিষয়ে বিভিন্ন কর্মশালা আয়োজন করবে এবং উপজেলা ইনোভেশন টিম টেকনিক্যাল সহযোগিতা প্রদান করবে।

৬। উপজেলা কৃষি অফিসার, নাচোল’র মাধ্যমে পরিবেশ বান্ধব বালাই ব্যবস্থাপনা প্রযুক্তি : ফেরোমন ট্রাপ প্রযুক্তি, কীটনাশকমুক্ত ফল উৎপাদনে ফুট ব্যাগিং প্রযুক্তি, ভার্মি কম্পোষ্ট উৎপাদন প্রযুক্তি, কুইক কম্পোষ্ট উৎপাদন প্রযুক্তি বিষয়ে জনসচেতনতা সৃষ্টি করে উক্ত সেবা জনসাধারণের দোড়গোড়ায় পৌছে দেয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(খাদিজা বেগম)
উপজেলা নির্বাহী অফিসার (ভার.)
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
ফোন : ০৭৮২৪-৫৬০০১
মোবাইল : ০১৩১৮৩২০১৫৩
unonachole@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
nachol.chapainawabganj.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৩.৭০৫৬.০০০, ০২.০৫২.১৯.১১০৬

তারিখ : ৩০.১১.২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চাঁপাইনবাবগঞ্জ।

৩।নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

১০/১১/২০২০
উপজেলা নির্বাহী অফিসার (ভার.)
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।